গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিচালকের কার্যালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া, ঢাকা।

নম্বর- ০৫.৮৭.০০০০.০০০.৩৪.০০৪.২০-২৫৭৭

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৮ নভেম্বর ২০২২ খ্রি.

## সভার নোটিশ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কার্যক্রম ১.২ অনুসরণে সিটিজেনস্ চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য গঠিত কমিটির ২য় সভা আগামী ১০.১১.২০২২ তারিখ সকাল ১০.০০ টায় সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তার সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে (১১৪ নং কক্ষে) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি
(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি;
(খ) সিটিজেনস চার্টার বাস্তবায়ন পর্যবেক্ষণ;
(গ) সিটিজেনস্ চার্টার সংক্রান্ত অন্যান্য কার্যাদি।

০৮.১১.২০22
(মোঃ দিদারুল ইসলাম)
উপসচিব
ও
সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি

বিতরণ: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:
১। পরিচালক (যুগ্মসচিব), সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
২। ডা. মুহাম্মদ তানজীরুল ইসলাম, সিনিয়র কনসালটেন্ট (শিশু) ও সদস্য, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৩। জনাব অতীশ দর্শী চাকমা, সিনিয়র সহকারী সচিব ও সদস্য সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৪। ডা. আইদাহ তাসনিম, মেডিকেল অফিসার ও সদস্য, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৫। জনাব চন্দন কুন্ডু, পুষ্টিবিদ ও সদস্য সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৬। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিচালকের কার্যালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া, ঢাকা।

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কার্যক্রম ১.২ অনুসরণে সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য গঠিত কমিটির ২য় সভায় উপস্থিত কর্মকর্তাদের উপস্থিতি:

সভার তারিখ: ১০.১১.২০২২ তারিখ সকাল ১০.০০ টা।

| ক্র. | কর্মকর্তার নাম ও পদবি | ফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ দিদারুল ইসলাম<br>উপসচিব ও সভাপতি সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। | | ১০.১১.২২ |
| ২ | ডা. মুহাম্মদ তানজীরুল ইসলাম<br>সিনিয়র কনসালটেন্ট (শিশু) ও সদস্য<br>সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। | | ১০/১১/২২ |
| ৩ | অতীশ দর্শী চাকমা<br>সিনিয়র সহকারী সচিব ও সদস্য<br>সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। | 01770192198 | ১০/১১/2022 |
| ৪ | ডা. আইদাহ্ তাসনিম<br>মেডিকেল অফিসার ও সদস্য<br>সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। | | A.Tasnim<br>10.11.2022 |
| ৫ | চন্দন কুন্ডু<br>পুষ্টিবিদ ও সদস্য<br>সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। | 01671121574 | 10.11.22 |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিচালকের কার্যালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া, ঢাকা।

সরকারি কর্মচারী হাসপাতালের সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ২০২২-২৩ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ দিদারুল ইসলাম, উপসচিব ও সভাপতি সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। |
| সভার তারিখ | : ১০.১১.২০২২ খ্রি. |
| সভার সময় | : সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : পুরাতন ভবন, কক্ষ নং-১১৪ |
| উপস্থিতি | : পরিশিষ্ট- ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, জনগণের সর্বোত্তম স্বার্থ তথা সাধারণ নাগরিকের সেবা প্রদানের অধিকার প্রাপ্তি নিশ্চিতকরণে সরকার বদ্ধ পরিকর। সিটিজেনস চার্টার কার্যকরীভাবে বাস্তবায়ন স্বচ্ছতা, জবাবদিহিতা এবং দায়বদ্ধতা নিশ্চিতকরণের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এজন্য সকল সরকারি প্রতিষ্ঠানসমূহের মতো এ হাসপাতালে সেবা প্রত্যাশীগণ যাতে সহজে, সুলভে ও বিড়ম্বনাবিহীনভাবে সেবা পেতে পারেন, তা নিশ্চিতকরণের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টার প্রচলিত রয়েছে। সেবা প্রদানের অধিকতর গতিশীলতা আনয়ন ও সেবার মান উন্নয়নকল্পে সেবা প্রদানের ক্ষেত্রে নির্দিষ্ট সময়সীমা অনুসরণ করা জরুরি। সেবা প্রদান প্রক্রিয়ার সাথে জনসম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে সিটিজেনস চার্টার সরকারি দপ্তরসমূহ তথা সরকারের প্রতি জনগণের আস্থা বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখে। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সদস্যসচিবকে উপস্থাপনার জন্য অনুরোধ জানান।

২। পরিবীক্ষণ কমিটির সদস্যসচিব জানান, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রদত্ত সেবা প্রতিশ্রুতি পিডিএফ এর পরিবর্তে এইচটিএমএল পেজে (ডাইনামিক আপডেট ও এক্টিভ হাইপার লিংকের সুবিধাসহ) আপলোড করা হয়েছে। সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীর পদবির সাথে নাম ও মোবাইল নম্বর সংযোজন করা হয়েছে। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে গত ১৭.০৮.২০২২, ০৪.১০.২০২২ ও ১২.১০.২০২২ তারিখ কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩। সভাপতি বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবীক্ষণ কমিটির ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ), সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটের নির্দিষ্ট অংশে আপলোড করতে হবে। প্রদত্ত সেবার বিষয়ে দৈবচয়ন ভিত্তিতে সেবাগ্রহিতা নির্বাচন করে তাঁদের নিকট হতে প্রদত্ত সেবার বিষয়ে প্রতিক্রিয়া গ্রহণ করে প্রাপ্ত ফলাফল পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

৪। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২৩ পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুসরণে বিদ্যমান সিটিজেনস চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে। | সদস্যসচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২ | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ), সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটের নির্দিষ্ট অংশে আপলোড করতে হবে। | সদস্যসচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩ | প্রদত্ত সেবার বিষয়ে দৈবচয়ন ভিত্তিতে সেবাগ্রহিতা নির্বাচন করে তাঁদের নিকট হতে প্রদত্ত সেবার বিষয়ে প্রতিক্রিয়া গ্রহণ করে প্রাপ্ত ফলাফল পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সদস্যসচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.১১.২০২২

মোঃ দিদারুল ইসলাম
উপসচিব
ও সভাপতি
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।

নম্বর: ০৫.৮৭.০০০০.০০০.৩৪.০০৪.২০-২৬৮৮

তারিখ: ১০.১১.২০২২ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিআর)।
২। পরিচালক (যুগ্মসচিব), সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।
৩। উপপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।
৫। ডা. মুহাম্মদ তানজীরুল ইসলাম, সিনিয়র কনসালটেন্ট (শিশু) ও সদস্য, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৬। জনাব অতীশ দর্শী চাকমা, সিনিয়র সহকারী সচিব ও সদস্য সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৭। ডা. আইদাহ তাসনিম, মেডিকেল অফিসার ও সদস্য, এপিএ টিম, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৮। জনাব চন্দন কুন্ডু, পুষ্টিবিদ ও সদস্য সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৯। অফিস নথি।

১০/১১/২২

(মামুন মাহবুব)
সহকারী সচিব
ফোন: ২২৩৩৮৬৭০৮
ই-মেইল: geh@mopa.gov.bd